

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪২২২

আগরতলা, ১৪ ডিসেম্বর, ২০২৩

ধলাই জেলার ভারত-বাংলাদেশ  
সীমান্তে জনসাধারণের চলাচলে বিধিনিষেধ

জনজীবনে শান্তি ও নিরাপত্তা রক্ষায় ধলাই জেলার জেলাশাসক এক আদেশে ভারতীয় ফৌজদারি দণ্ডবিধি ১৯৭৩-এর ১৪৪ ধারায় জেলার সবকটি মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তের ১ কিলোমিটার এলাকায় জনসাধারণের চলাচলের উপর বিধিনিষেধ আরোপ করেছেন। এই আদেশ গন্ডাতুইসা মহকুমার রাইস্যাবাড়ি বাজার এলাকায় প্রযোজ্য হবে না। এই আদেশ ১১ ডিসেম্বর, ২০২৩ থেকে কার্যকর হয়েছে এবং তা ১২ ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত বলৱৎ থাকবে। এই সময়ে প্রতিদিন সন্ধ্যা ৬টা থেকে পরের দিন সকাল ৫টা পর্যন্ত এই আদেশ কার্যকর হবে। তবে আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত সামরিক, আধা সামরিক এবং রাজ্য পুলিশ বাহিনীর সদস্যগণ, ধলাই জেলার পুলিশ সুপার এবং ধলাই জেলার অন্তর্গত সবকটি মহকুমার মহকুমা শাসকের জারি করা বৈধ অনুমতিপ্রাপ্ত ব্যক্তি, জরুরি সরকারি কাজে নিয়োজিত সরকারি কর্মচারি এবং অবিলম্বে চিকিৎসা প্রয়োজন এমন ব্যক্তি এই নিষেধাজ্ঞার আওতার বাহরে থাকবেন।

\*\*\*\*\*